

🔳 আল-আহ্যাব | Al-Ahzab | الْأَحْزَاب

আয়াতঃ ৩৩ : ৩১

া আরবি মূল আয়াত:

وَ مَن يَّقنُت مِنكُنَّ لِلهِ وَ رَسُولِهٖ وَ تَعمَل صَالِحًا نُّوْتِهَا اَجرَهَا مَرَّتَينِ وَ اَعتَدنَا لَهَا رِزقًا كَرِيمًا ﴿٣٦﴾

আর তোমাদের মধ্যে যে কেউ আল্লাহ ও তাঁর রাসূলের আনুগত্য করবে এবং নেক আমল করবে আমি তাকে দু'বার তার প্রতিদান দেব এবং আমি তার জন্য প্রস্তুত রেখেছি সম্মানজনক রিম্ক। — আল-বায়ান

তোমাদের মধ্যে যে কেউ আল্লাহ ও তাঁর রসূলের অনুগত হবে আর সৎ কাজ করবে, আমি তাকে দু'বার পুরস্কার দেব আর তার জন্য আমি সম্মানজনক রিয়ক প্রস্তুত রেখেছি। — তাইসিক্রল

তোমাদের যে কেহ আল্লাহ এবং তাঁর রাসূলের প্রতি অনুগত হবে ও সৎ কার্য করবে তাকে আমি পুরস্কার দিব দু'বার এবং তার জন্য রেখেছি সম্মানজনক রিক্ষ। — মুজিবুর রহমান

And whoever of you devoutly obeys Allah and His Messenger and does righteousness - We will give her her reward twice; and We have prepared for her a noble provision. — Sahih International

৩১. আর তোমাদের মধ্যে যে কেউ আল্লাহ ও তাঁর রাসূলের প্রতি অনুগত হবে এবং সৎকাজ করবে তাকে আমরা পুরস্কার দেব দু'বার। আর তার জন্য আমরা প্রস্তুত রেখেছি সম্মানজনক রিযিক।

তাফসীরে জাকারিয়া

- (৩১) তোমাদের মধ্যে যে কেউ আল্লাহ এবং তাঁর রসূলের প্রতি অনুগতা হবে ও সৎকাজ করবে, তাকে আমি দ্বিগুণ পুরস্কার দান করব।[1] আর তার জন্য আমি সম্মানজনক জীবিকা প্রস্তুত রেখেছি।
 - [1] অর্থাৎ, যেমন শাস্তি দিগুণ হবে অনুরূপ পুণ্য বা নেকীও দিগুণ দেওয়া হবে। যেমন নবী (সাঃ) কে আল্লাহ তাআলা বলেছেন, أَدُنَاكُ ضَعِفُ الْحَيَاةِ وَضَعِفُ الْمَمَاتِ, "তখন আমি তোমাকে ইহজীবন ও পরজীবনে দিগুণ শাস্তি আস্বাদন করাতাম।" (বানী ইসরাঈল ৭৫ আয়াত)

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3564

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন